

**ভবিষ্যতে পরীক্ষার
 সময় আর বাধা
 সৃষ্টি করবেন না ॥
 বিএনপি নেতাদের
 শিক্ষামন্ত্রী**

স্টাফ রিপোর্টার ॥ ভবিষ্যতে আর পরীক্ষার মাঝে হরতাল-অবরোধ না দিতে বিএনপি নেতাদের প্রতি আহ্বান জানিয়েছেন শিক্ষামন্ত্রী নূরুল ইসলাম নাহিদ। এবার এসএসসি ও সমমানের পরীক্ষায় যাতে শিক্ষার্থীরা ক্ষতিগ্রস্ত হয় সেজন্য বিএনপি নেতৃত্বাধীন ২০ দল টানা হরতাল-অবরোধ দিয়েছিল বলেও অভিযোগ করেন মন্ত্রী। বিএনপি নেতাদের উদ্দেশে তিনি বলেন, আপনাদের ছেলেমেয়েরা বাইরে থেকে পড়ালেখা করবে, আর দেশের অন্য ছেলেমেয়েদের বোমা মেরে মারবেন তা হতে পারে না। আর পরীক্ষার সময় বাধা সৃষ্টি করবেন না।

রবিবার, রাজধানীর জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমিতে (নায়েম) আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। ৪৩ ও ৪৪তম জাতীয় ক্রীড়া প্রতিযোগিতার সনদ চেক ও ক্রীড়া সার্ভী বিতরণ উপলক্ষে এ অনুষ্ঠানে আয়োজন করা হয়। মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক অধিদফতরের মহাপরিচালক অধ্যাপক ফাহিমা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন শিক্ষা সচিব মোঃ নজরুল ইসলাম খান, ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মোঃ আবু বক্কর সিদ্দিক, নায়েমের মহাপরিচালক অধ্যাপক মোঃ হামিদুল হক প্রমুখ। শিক্ষামন্ত্রী বলেন, ফেসবুকসহ বিভিন্ন মাধ্যমে প্রশ্নপত্র ফাঁস নিয়ে বিভিন্ন কথা বলা হচ্ছে। আমরা (১৯ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)

ভবিষ্যতে পরীক্ষার

(২০-এর পৃষ্ঠার পর)
 প্রশ্নপত্র ফাঁস বন্ধে ফ্রোজ মনিটরিং করছি। আমাদের সকল বাহিনী নিয়মিত নজরদারি করছে। র্যাবের ডিভির সঙ্গে আমার কথা হয়েছে। তিনি জানিয়েছেন, তারা নিয়মিত নজরদারি করছেন। প্রশ্নপত্র ফাঁস বন্ধে আমরা সব ধরনের ব্যবস্থা নেব। মন্ত্রী আরও বলেন, কিছুদিন আগে সংবাদমাধ্যমে দেখলাম, ভূমিকম্পে একটি স্কুলের দেয়ালে ফটিল ধরায় ছাত্রছাত্রীরা বাইরে বসে ক্লাস করছে। কিন্তু বিষয়টি স্কুলের পক্ষ থেকে আমাদের জানানো হয়নি। অথচ কোন স্কুল ক্ষতিগ্রস্ত হলে জরুরি করে আমাদের দায়িত্ব তারপরও আমাদের জানানো হচ্ছে না। এর অর্থ আমাদের কোথাও সমস্যা আছে। প্রধান শিক্ষকদের প্রতি অনুরোধ এ ধরনের ঘটনা ঘটলে আমাদের জানান।